

মানবিক মূল্যবোধসম্পন্ন হতে হবে

নিজস্ব প্রতিবেদক

৪ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৪ জুলাই ২০১৯ ০৮:৪১



শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, দেশের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জানতে হবে। মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি রোধে সোচ্চার হতে হবে। সর্বোপরি নিজেকে একজন মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। গতকাল রাজধানীর ঢাকা কলেজ মিলনায়তনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

ডা. দীপু মনি বলেন, সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ, মাদক ও দুর্নীতিকে সব সময় না বলতে হবে। কারণ এগুলো দেশের জন্য অভিশাপ। এসব থেকে নিজেকে দূরে রাখতে হবে। তা হলেই আমাদের দেশটিকে কান্তিক্ষত স্থানে নিয়ে যেতে পারব। মন্ত্রী শিক্ষার্থীদের ছাত্রাজনীতি নিয়ে সচেতন হওয়ারও আহ্বান জানান।

শিক্ষা ক্ষেত্রে সর্বত্র তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা হবে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন প্রদ্বন্দ্বিত চালু করা হয়েছে। এতে করে এখন মেধা ও যোগ্যতার ভিত্তিতে ভর্তি হতে পারছে শিক্ষার্থীরা। এখন আর কলেজ ক্যাম্পাসে ভর্তি নিয়ে বাণিজ্য হয় না, মারামারি হয় না। কেউ লাঞ্ছিতও হয় না। পাশাপাশি অভিভাবকদের হয়রানি ও ভোগান্তি করেছে। কলেজে ভর্তিতে শৃঙ্খলা ফেরাতে সরকার এ উদ্যোগ নিয়েছে। গোটা শিক্ষাব্যবস্থাকে অনলাইন পদ্ধতির আওতায় নিয়ে আসা হবে।